বিভিন্ন আয়োজনে মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস পালন

নানা আয়োজনে মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস উদযাপনকরা হচ্ছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সকাল ছয়টায় মেহেরপুর কলেজ অবস্থিত কেন্দ্রীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

প্রথমে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুষ্প মাল অর্পণ করেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

পরে জেলা বাসীর পক্ষেও পুষ্পমাল্য অর্পণ করেন তিনি। এরপর পর্যায়ক্রমে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার এসএম নাজমুল হক, মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের পক্ষে জেলা পরিষদের অ্যাডভোকেট মোহা: আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভার পক্ষে মেয়র মাহফুজুর রহমান রিটনসহ জেলার বিভিন্ন সরকারি বেসরকারি অফিস ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।



পরে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

এদিকে দিবসটি পালন উপলক্ষে মেহেরপুর-২ আসনের এমপি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গ্ংনী উপজেলা পরিষদের পক্ষে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলীসহ বিভিন্ন স্কুল কলেজ, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ পুষ্পমাল্য অর্পণ করেন।

চুয়াডাঙ্গায় বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে শিক্ষক দিবস পালিত

শিক্ষকের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু’ এই প্রতিপাদ্য কে নিয়েই আজ বৃহস্পতিবার (২৭ অক্টোবর) বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় শিক্ষক দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ চত্বর থেকে একটি র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বর থেকে কবরী রোড হয়ে আবার কলেজে এসে র্যালিটি শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান এঁর নেতৃত্বে র্যালিতে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃআজিজুর রহমান,চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন সরকারি ও বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষক বৃন্দ উক্ত র্যালিতে উপস্থিত ছিলেন।

এ সময় বক্তারা বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড আর শিক্ষকরা হচ্ছেন জাতি গড়ার কারিগর। শিক্ষকরা আদর্শ মানুষ এবং সমৃদ্ধ জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এ সময় তারা আরও বলেন যেহতু শিক্ষক জাতি গঠনের কারিগর তাই সকল শিক্ষক কে নৈতিক চর্চা ও মানবিক কাজ বেশি অবদান রাখতে হবে এবং সকল শিক্ষার্থী যেন শুশিক্ষাই শিক্ষিত হতে পারে সেদিন বিশেষ ভালে লক্ষ রাখতে হবে।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে ৭১ এর বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্ন আয়োজন

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মেহেরপুরে শ্রদ্ধাঞ্জলি, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেছে ৭১ এর বীর মুক্তিযোদ্ধাবৃন্দ।

আজ সোমবার সকাল ৮ টার দিকে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে তারা শ্রদ্ধা নিবেদন করেন। পরে জেলা পরিষদের হলরুমে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) মো: আব্দুল মালেকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ, বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, ওমেদ উদ্দীন, চাঁদ আলী, বেগম সালেহা প্রমুখ।

এছাড়াও এসময় মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার, আলী হোসেন, হায়দার আলী খান, মোফাজ্জল হোসেনসহ প্রায় ১০০ জন্য মুক্তিযোদ্ধাগণ উপস্থিত ছিলেন।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।